স্কুল শিক্ষার্থীদের বৃহস্পতিবার থেকে পরীক্ষামূলক টিকা : স্বাস্থ্য মহাপরিচালক

চেম্বার ডেস্ক :: দেশে আগামীকাল বৃহস্পতিবার (১৪ অক্টোবর) থেকে স্কুল শিক্ষার্থীদের (১২ থেকে ১৭ বছরের বছর বয়সীদের) পরীক্ষামূলকভাবে টিকা দেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশিদ আলম।

বুধবার (১৩ অক্টোবর) ফেসবুক লাইভে এসে তিনি একথা বলেন।

মোহাম্মদ খুরশিদ আলম। জানান, মানিকগঞ্জের কর্নেল মালেক মেডিক্যাল কলেজ সেন্টারে এই টিকা দেওয়া হবে। প্রাথমিকভাবে ৫০ থেকে ১০০ জন শিক্ষার্থীকে টিকা দেওয়ার পর তাদেরকে পর্যবেক্ষণে রাখা হবে। পর্যবেক্ষণ শেষে রাজধানী ঢাকায় স্কুল শিক্ষার্থীদের টিকাদান কর্মসূচি ব্যাপক আকারে চালু করা হবে বলেও জানান তিনি।